

## আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) প্রতিরক্ষা মন্ত্রণালয় ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাক্স: ৯৮৩৩৫৬২



www.ispr.gov.bd সংবাদ বিজ্ঞপ্তি

নং ২৩.১৬.০০০০.০০৯.২৩.০০৩.২৩

তারিখ: ১১-০৫-২০২৩

## বাংলাদেশ বিমান বাহিনীর ১২২ তম জুনিয়র কমান্ড ও স্টাফ কোর্সের সনদপত্র বিতরণ অনুষ্ঠান

ঢাকা, ১১ মে %- বাংলাদেশ বিমান বাহিনীর ১২২ তম জুনিয়র কমান্ড ও স্টাফ কোর্স (জেসিএসসি) এর সনদপত্র বিতরণ অনুষ্ঠান ১১ মে ২০২৩, বৃহস্পতিবার বিমান বাহিনী ঘাঁটি বাশার এ অবস্থিত ৩১ স্কোয়াড্রন বাংলাদেশ বিমান বাহিনী-এ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে বিমান বাহিনী প্রধান এয়ার চীফ মার্শাল শেখ আব্দুল হান্নান, বিবিপি, বিইউপি, এনএসডব্লিউসি, এফএডব্লিউসি, পিএসসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণ সমাপ্তকারী কর্মকর্তাদের সনদপত্র ও ট্রফি প্রদান করেন।

প্রধান অতিথি অনুষ্ঠানস্থলে এসে পৌঁছালে বিমান বাহিনী ঘাঁটি বাশার এর এয়ার অধিনায়ক এয়ার ভাইস মার্শাল মোঃ শরীফ উদ্দীন সরকার, জিইউপি, বিপিপি, এনডিসি, পিএসসি এবং কমান্ড ও স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট (সিএসটিআই) এর অধিনায়ক গ্রুপ ক্যাপ্টেন আবদুল্লাহ আল ফারুক, এনডিসি, পিএসসি তাঁকে স্বাগত জানান। অধিনায়ক, সিএসটিআই তার স্বাগত ভাষণে ১২২ তম জুনিয়র কমান্ড ও স্টাফ কোর্সের প্রশিক্ষণ ও শিক্ষা কার্যক্রমের উপর সংক্ষিপ্ত বিবরণ তুলে ধরেন। ১৪ সপ্তাহের এই কোর্সে বাংলাদেশ বিমান বাহিনীর ১৯ জন এবং নাইজেরিয়ান বিমান বাহিনীর ০২ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণকে সার্ভিস, ইন্টার সার্ভিস এবং জয়েন্ট সার্ভিস পরিমন্ডলে কমান্ড ও স্টাফ দায়িত্ব পালনে পারদর্শী করে তুলতে এই কোর্সটি বিশেষভাবে সজ্জিত করা হয়েছে। প্রারম্ভিক কাল থেকেই জেসিএসসি উত্তীর্ণ কর্মকর্তাগণ তাদের অর্জিত কর্মলব্ধ জ্ঞান সশস্ত্র বাহিনীর বিভিন্ন পর্যায়ে কমান্ড, স্টাফ এবং নির্দেশমূলক দায়িত্ব পালনে সহায়তা করে আসছে।

প্রধান অতিথি প্রশিক্ষণ সমাপ্তকারী সকল কর্মকর্তাদের মাঝে সনদপত্র ও কোর্সে সেরা নৈপূণ্যের জন্য বাংলাদেশ বিমান বাহিনীর স্বোয়াড্রন লীডার সাব্বির হাসান রেহান, জিডি(এন) কে "বিমান বাহিনী প্রধানের সার্টিফিকেট এবং ট্রফি" প্রদান করেন। প্রধান অতিথি তাঁর মূল্যবান ভাষণে উত্তীর্ণ সকল কর্মকর্তাকে দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন এবং এই কোর্সে অফিসার প্রেরণের জন্য নাইজেরিয়া সরকারকে ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে বাংলাদেশ বিমান বাহিনীর উর্ধ্বতন কর্মকর্তাগণ সহ উক্ত প্রতিষ্ঠানের সামরিক ও বেসামরিক প্রশিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

> স্বাক্ষরিত/মুহাম্মদ শাহাদাৎ হোসেন গবেষণা কর্মকর্তা পরিচালকের পক্ষে মোবাঃ ০১৭৬৯০২৭২০০



## আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) প্রতিরক্ষা মন্ত্রণালয় ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাব্স: ৯৮৩৩৫৬২



www.ispr.gov.bd সংবাদ বিজ্ঞপ্তি

নং ২৩.১৬.০০০০.০০৯.২৩.০০৩.২৩

তারিখ: ১১-০৫-২০২৩

## CERTIFICATE AWARD CEREMONY OF NO 122 JUNIOR COMMAND AND STAFF COURSE

Dhaka, 11 May: Certificate Award Ceremony of No 122 Junior Command and Staff Course (JCSC) held at 31 Squadron Bangladesh Air Force of BAF Base Bashar on 11 May 2023, Thursday. Chief of Air Staff Air Chief Marshal Shaikh Abdul Hannan BBP, BUP, nswc, fawc, psc has distributed certificates and trophy among the graduating officers as the 'Chief Guest'.

On his arrival, The Chief Guest was received by Air Officer Commanding of BAF Base Bashar Air Vice Marshal Md Sharif Uddin Sarker, GUP, BPP, ndc, psc and Officer Commanding of Command and Staff Training Institute (CSTI) Group Captain Abdullah AI Farooq, ndc, psc. In the opening address, Officer Commanding, CSTI gave a brief resume on the training and academic curriculums of No 122 JCSC. 19 officers from Bangladesh Air Force and 02 officers from Nigerian Air Force have undergone this 14-week-long course. The course is designed to train officers on effective command and staff duties within service, inter-service and joint service environment. Since inception of JCSC, CSTI is committed to prepare future leaders of Armed Forces who can serve the nation with dignity and honour.

The Chief Guest handed over the certificates to all graduating officers and awarded the "Chief of Air Staff's Certificate and Trophy" to Squadron Leader Sabbir Hasan Rehan, GD(N) of Bangladesh Air Force for his overall best performance in the course. While addressing, the Chief Guest gave his valuable guidance for future assignments to the participating officers and thanked the government Nigeria for sending officers in this course. He added that command and staff skills which have been achieved in the course would also be of immense value in shouldering the future assignments.

Senior officers of BAF along with military and civil instructors of the institute were present in the Certificate Award Ceremony.

Signed/-Md. Shahadat Hossain Research Officer For Director, ISPR Mobile -01769027200